যে ব্যক্তি কোন বিষয়ের উপর কসম খেল অতঃপর তার চেয়ে বেশী তাকওয়ার বিষয় দেখল (কসম ভঙ্গ করাতে), তার উচিত তাকওয়ার বিষয় গ্রহণ করা।”

আবূ তারীফ আদী ইবনে হাতেম রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক মারফূ‘ হিসেবে বর্ণিত: “যে
ব্যক্তি কোন বিষয়ের উপর কসম খেল অতঃপর তার চেয়ে বেশী তাকওয়ার বিষয় দেখল (কসম ভঙ্গ করাতে), তার উচিত তাকওয়ার বিষয় গ্রহণ করা।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি কোন কর্ম করা বা ছাড়ার শপথ করল। তারপর সে দেখল, তার বিপরীত করা শপথের ওপর অনড় থাকা অপেক্ষা উত্তম ও তাকওয়া। তখন তার মুস্তাহাব ও উত্তম হলো, শপথ ছাড়া এবং যে কর্মটি উত্তম তাই করা। যদি যার ওপর শপথ করেছে তা যদি এমন হয় যে, তা করা অথবা ছাড়া ওয়াজিব যেমন শপথ করল, সালাত ছাড়বে অথবা মদ পান করবে, তখন তার ওপর ওয়াজিব হলো শপথ ভঙ্গ করা এবং যে সব কর্ম করতে এবং ছাড়তে আদিষ্ট তাই পালন করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3054